

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সনৎ কুমার সাহা ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের (বিএসএফআইসি) চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। তিনি যোগদান করার পর করপোরেশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। করপোরেশনের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, বিএসএফআইসি অফিসার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ চিনিকল শ্রমিক কর্মচারী ফেডারেশন, কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন (সিবিএ) এর পক্ষ হতে তাঁকে আন্তরিক অভিনন্দন জানানো হয়।

জনাব সনৎ কুমার সাহা ১৯৬২ সালে ব্রাহ্মণবাড়িয়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বি কম (সম্মান) ডিগ্রী এবং পরে ১৯৮৭ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। গত ১৯৯১ সনে ৯ম ব্যাচে তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানের পূর্বে তিনি কর্মজীবনে বাংলাদেশ ব্যাংকের সহকারি পরিচালক, পূবালী ও জনতা ব্যাংকের সিনিয়র অফিসার হিসেবে চাকুরি করেন। তাছাড়াও তিনি ৮ম বি.সি.এস সমবায় ক্যাডারে চাকুরি করেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই সন্তানের জনক।